# মোঃ আনোয়ার হোসেন, উপজেলা সমবায় অফিসার, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক জননী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন।

১. সমিতির নাম ঃ জননী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।

২. সমিতির ঠিকানা ঃ গ্রাম ঃ দক্ষিণ চর মজিদ (সেলিম মিঞার বাজার) পোঃ চর বাটা
উপজেলাঃ সুবর্ণচর, জেলা ঃ নোয়াখালী।

৩. সমিতির নিবন্ধন নং ঃ ৩৭/১৪(নোয়া) তারিখঃ ২৭/০৩/২০১৪ খ্রি.।

৪. সংশোধিত নিবন্ধন নং ঃ ০২/১৭ ( নোয়া) তারিখ ঃ ০৮/০৩/২০১৭ খ্রি.।

৫. সমিতির সভ্য নির্বাচনী এলাকা ঃ নোয়াখালী জেলার চাটখিল, সোনাইমুড়ি, বেগমগঞ্জ, নোয়াখালী সদর, কবিরহাট, সুবর্ণচর ও হাতিয়া উপজেলার মধ্যে সীমাবদ্ধ।

৬. সমিতির মূল কার্যক্রম ঃ মুলধন সৃষ্টি ও সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য ঋণ বিতরণ

৭. সমিতির অর্থ সরবরাহকারী কেন্দ্রীয় সমিতি/সংস্থা ঃ- কোন কেন্দ্রীয় সমিতির অন্তর্ভূক্ত হয়নি।

৮. সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বিবরণ ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | নিয়োগকৃত তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব মুহাম্মদ আব্দুস সাত্তার | সভাপতি | ০৪/০১/২০২০ খ্রি. |
| ০২ | জনাব শাহাদাত হোসেন | সহ-সভাপতি | ঐ |
| ০৩ | জনাব ফাতেমা আক্তার | সম্পাদক | ঐ |
| ০৪ | জনাব মোঃ জাহের উদ্দিন | সদস্য | ঐ |
| ০৫ | জনাব মোঃ আবুল কাশেম | সদস্য | ঐ |
| ০৬ | জনাব নুরুল আফছার | সদস্য | ঐ |
| ০৭ | জনাব মুহাম্মদ সফিক উল্লাহ | সদস্য | ঐ |
| ০৮ | জনাব বিকাশ চন্দ্র ঘোষ | সদস্য | ঐ |
| ০৯ | জনাব মেরিনা আক্তার মোহনা | সদস্য | ঐ |

৯. সমিতির সর্বশেষ নির্বাচন অনুষ্ঠানের তারিখ ঃ ০৬/০১/২০২০ খ্রি.

১০. সমিতির সদস্য সংখ্যা ঃ ১৫০ জন।

১১. সমিতির বিগত অডিট অফিসারের নাম ও পদবী ঃ মোঃ আনোয়ার হোসেন,উপজেলা সমবায় অফিসার সুবর্ণচর,নোয়াখালী।

১২. সমিতির বিগত অডিট সম্পাদনের তারিখ ঃ ১৯/০১/২০২১ খ্রিঃ।

১৩. সমিতি পরিদর্শন কর্মকর্তার নাম ও পদবী ঃ মোঃ আনোয়ার হোসেন,উপজেলা সমবায় অফিসার সুবর্ণচর,নোয়াখালী।

১৪. পরিদর্শনের তারিখ ঃ ২৬/০৯/২০২১ খ্রি. ।

১৫. অনুমোদিত শেয়ার মূলধন ঃ ৩০,০০,০০০/- টাকা।

১৬. আদায়কৃত শেয়ার মূলধন ঃ ২,০৫,০০০/- টাকা।

১৭. আদায়কৃত সঞ্চয় আমানতের পরিমাণ ঃ ৭,১২,০০০/- টাকা।

১৮. সমিতির সদস্য হতে কর্জ পাওনা ঃ ৫,৪৫,৮২৬/- টাকা।

# পরিদর্শ মন্তব্য

অদ্য ২৬/০৯/২০২১ খ্রিঃ তারিখে জননী সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ পরিদর্শন করি।

১. সমিতির উপ-আইন-

সমিতির নিবন্ধিত উপ-আইন সমিতিতে সংরক্ষিত আছে। উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য সমূহ বাস্তবায়নে ব্যবস্থাপনা কমিটির যথাযথ ভূমিকা দেখা গেল না। উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য সমূহ বাস্তবায়নে আরো আন্তরিক হতে পরামর্শ দেয়া হল।

২. সদস্য সংখ্যাঃ

সমিতির মোট সদস্য সংখ্যা ১৫০ জন। সমবায়ে অগ্রহী ও যোগ্যতা সম্পন্ন ব্যক্তি বর্গকে সমিতিতে সদস্য ভূক্তি করার ও সভ্য তালিকা বহি যথাযথভাবে সংরক্ষণ করার পরামর্শ দেয়া হল।

৩. ব্যবস্থপনা পরিষদঃ

০৯ (নয়) সদস্য বিশিষ্ট্য ব্যবস্থাপনা কমিটির উপর অত্র সমিতির কার্যভার ন্যস্ত। তাঁদের নাম ও পদবী পরিদর্শন প্রতিবেদন ০৪ নং ক্রমিকে বর্ণিত হয়েছে। তাঁরা বিগত ০৪/০১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নির্বাচন হয়েছে। ব্যবস্থাপনা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে না। অত্র পরিদর্শন কালীন মাত্র ০২ টি সভা অনুষ্ঠিত হয়। সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৪২(২) মতে প্রতিমাসে অন্ততঃ একবার ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান করতে হবে।

৪. শেয়ার মূলধনঃ

অলোচ্য সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমান ৩০,০০,০০০/-টাকা। প্রতি শেয়ারের মূল্য ১০০/- টাকা হিসাবে উহা ৩০,০০০/- অংশে বিভক্ত। পরিদর্শন কালীন ২,০৫,০০০/- টাকা শেয়ার বিক্রয় হয়েছে। আরো অধিক পরিমাণ শেযার বিক্রয় করার এবং সদস্যগণকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ দেয়া হল।

৫. সঞ্চয় আমানতঃ

পরিদর্শনকালীন তারিখ পর্যন্ত সমিতির আদায়কৃত সঞ্চয় আমানতের পরিমাণ ৭,১২,০০০/- টাকা। সদস্যগণকে আমানতের পাশ বই বিতরণ করার জন্য পরামর্শ দেয়া হল। সদস্যগণ হতে নিয়মিত সঞ্চয় আমানত আদায়পূর্বক সমিতির মূলধন বৃদ্ধি করতে এবং উক্ত টাকা পৃথক ভাবে বিনিয়োগ করতে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল। সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৬৭ বিধি মোতাবেক আদায়কৃত আমানতের উপর নির্দিষ্ট হারে তারল্য সংরক্ষন করতে হবে।

৬. লাভ -ক্ষতি

২০১৯-২০২০ খ্রিঃ সমিতির নীট ক্ষতি ৩০,০৯৮/- টাকা দেখা যায়। কার্যক্রম অনুসরন সমিতি লাভ হওয়া বাঞ্চনীয়। সকল খরছের কৃচ্ছ্রতা সাধন পূর্বক সমিতিকে লাভ জনক প্রতিষ্ঠানে গড়ে তোলার সর্বাত্মক উদ্যোগ নিতে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল।

৭. হস্তে মজুদ তহবিল ঃ-

পরিদর্শন কালীন তারিখে সমিতির জমা-খরচ বহি লিখা না থাকায় হস্তে মজুত তহবিল নির্ণয় করা যায়নি। জমা খরচ বহি দৈনন্দিন লেনদেন শেষে হাল নাগাদ লিপিবদ্ধ করার এবং অধিক পরিমাণ টাকা হাতে না রেখে সমিতির নামে ব্যাংক হিসাব খুলে উক্ত টাকা জমা রাখতে পরামর্শ দেয়া হল।

৮. নিজস্ব তহবিলের ঋণ কার্যক্রমঃ-

আলোচ্য সমিতি সদস্যগণের মধ্যে নিজস্ব তহবিল থেকে ঋণ কার্যক্রম করে থাকে। পরিদর্শন কালীন সময় পর্যন্ত সমিতির সদস্যগণের নিকট কর্জের আসল বাবদ ৫৪৫৮২৬/- টাকা পাওনা আছে। কর্জ খতিয়ান হাল নাগাদ লেখা নাই। যথা সময়ে কিস্তি মোতাবেক সমুদয় পাওনা কর্জ আদায় করা জন্য বলা গেল। কোন ভাবেই সদস্য ছাড়া অপর ব্যক্তির নিকট ঋণ লেনদেন করা যাবে না। ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে।

পরামর্শ সমূহঃ

৯.১ ক্যাশ বহিতে নিয়মিত লেনদেন লিপিবদ্ধ করতঃ সম্পাদকের স্বাক্ষর গ্রহণ করতে হবে।

৯.২ সদস্যগণকে শেয়ার সার্টিফিকেট ও আমানতকারীদের পাসবই বিতরণ করতে হবে।

৯.৩ সমিতির নামে ব্যাংক হিসাব খুলতে হবে এবং সমিতির যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে

৯.৪ অসদস্যদের নিকট কর্জ দাদন করা যাবে না।

৯.৫ মাসে অন্ততঃ ব্যবস্থাপনা কমিটির ০১টি মাসিক সভা করতে হবে।

৯.৬ পাওনা কর্জের টাকা আদায়ের ব্যবস্থা করতে হবে।

৯.৭ সদস্যদের আমানতের টাকা লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে সমিতিকে লাভজনক প্রতিষ্ঠানে গড়ে তুলতে হবে।

৯.৮ অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল সমবায় আইন বিধি মোতাবেক যথা সময়ে পরিশোধের পরামর্শ দেওয়া গেল।

৯.৯ সমিতির খাতপত্র ও রেকর্ড পত্র সমবায় আইন ও বিধি মোতাবেক যথাযথভাবে সংরক্ষণের পরামর্শ দেওয়া গেল।

(মোঃ আনোয়ার হোসেন)
উপজেলা সমবায় অফিসার
সুবর্ণচর,নোয়াখালী।

স্মারক নং-৪৭.৬১.৭৫৮৫.০০০.৩৪.০০২.১৭-২৪৫ তারিখঃ- ২৭/০৯/২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য প্রেরণ কর হলো।

১. জেলা সমবায় অফিসার,নোয়াখালী।
২. সভাপতি/সম্পাদক, জননী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
গ্রামঃ দক্ষিণ চর মজিদ (সেলিম মিঞার বাজার) ডাকঘর ঃ-চরবাটা, উপজেলাঃ সুবর্ণচর, জেলাঃ নোয়াখালী।
৩. অফিস কপি।

(মোঃ আনোয়ার হোসেন)
উপজেলা সমবায় অফিসার
সুবর্ণচর,নোয়াখালী।